

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
নরসিংদী সদর, নরসিংদী  
[www.dae.narsingdisadar.narsingdi.gov.bd](http://www.dae.narsingdisadar.narsingdi.gov.bd)

স্মারক নং : ১২.১৭.৬৮৬০.০৪০.০৮.০২০.২৩-৭৫৯

তারিখ : ১৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

## কোটেশন বিজ্ঞপ্তি নং-০১

এতদ্বারা নরসিংদী সদর উপজেলার প্রকৃত বীজ ব্যবসায়ী/বেসরকারী প্রতিষ্ঠান/আমদানীকারক/সরবরাহকারীর প্রতিনিধির নিকট হতে ২০২৩-২০২৪ অর্থ বছরের আনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত “পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন” প্রদর্শনী বাস্তবায়নের জন্য প্রকল্পের নির্দেশনা মোতাবেক শাক-সবজি বীজ সরবরাহের দরপত্র আহ্বান করা হলো।

ক্রমিক নং	বিবরণ			মন্তব্য
	শাক-সবজির নাম	জাতের নাম	প্রতি প্যাকেটে বীজের পরিমাণ (গ্রাম)	
১	লালশাক	স্থানীয় ভাবে কৃষকের নিকট জনপ্রিয় এবং ফলন সন্তোষজনক অথবা ওপি জাত (আলাদা আলাদা ভাবে উল্লেখ করতে হবে)	২০০ গ্রাম	প্যাকেট সংখ্যা/পরিমাণ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে অফিস চলাকালীন সময় তথ্য সংগ্রহ করা যাবে
২	কলমীশাক		২০০ গ্রাম	
৩	ডাটাশাক		২০০ গ্রাম	
৪	পুঁইশাক		২০০ গ্রাম	
৫	পালংশাক		২০০ গ্রাম	
৬	করলা		৫ গ্রাম	
৭	লাউ		৫ গ্রাম	
৮	শশা		২ গ্রাম	
৯	মিষ্টিকুমড়া		১০ গ্রাম	
১০	বিঙ্গা		১০ গ্রাম	
১১	ঢেড়শ		২০ গ্রাম	
১২	মরিচ		২ গ্রাম	

## শর্তাবলী :

১। আগ্রহী বীজ ব্যবসায়ী/বেসরকারী প্রতিষ্ঠান/আমদানীকারক/সরবরাহকারীর প্রতিনিধি কে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র

দাখিল করতে হবে।

২। সীলমোহরকৃত খামে আগামী ০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে এবং ঐ দিনই বিকাল ৩:০০ ঘটিকায় উপস্থিত সকলের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

৩। দরপত্রে বীজের কেজিপ্রতি মূল্য (অংকে এবং কথায়) আলাদা আলাদা উল্লেখ করতে হবে।

৪। সর্বনিম্ন দরপত্র দাখিলকারী বীজ ব্যবসায়ী/বেসরকারী প্রতিষ্ঠান/আমদানীকারক/সরবরাহকারীর প্রতিনিধি কে কার্যাদেশ প্রদান করা হইবে।

এবং কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সব ধরনের বীজের প্যাকেট প্যাকেজ আকারে একটি প্যাকেটে সরবরাহ করতে হবে।

৫। দাখিলকৃত দরপত্রে যে মূল্য উল্লেখ করা হইবে কার্যসম্পাদন সময় পর্যন্ত তাহা বলবৎ থাকবে।

৬। কার্যাদেশ প্রাপ্ত বীজ ব্যবসায়ী/বেসরকারী প্রতিষ্ঠান/আমদানীকারক/সরবরাহকারীর বিল হতে বিধি মোতাবেক উৎসে কর কর্তনের পর বিল পরিশোধ করা হবে।

৭। কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে সর্বোচ্চ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বীজ সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কোটেশন পরিবর্তন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*Shan*

১৬.১১.২০২৩

(স্বাক্ষরচন্দ্র বনিক)

উপজেলা কৃষি অফিসার

নরসিংদী সদর, নরসিংদী

ফোন : ৯৪৬২৫৫৪

E-mail : [uaosadar.narsingdi@gmail.com](mailto:uaosadar.narsingdi@gmail.com)